

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালক এর কার্যালয়
“বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্প
বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

নং- ৫৪.০১.০০০০.৬৩০.১১.০৩২.১৭-৩৭০

তারিখঃ ১৯/১০/২০১৭

আউটসোর্সিং পদ্ধতিতে জনবল সরবরাহের দরপত্র বিজ্ঞপ্তি


“বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ” প্রকল্পের নবসৃষ্ট নিম্ন বর্ণিত পদে জনবলের সেবা গ্রহণের লক্ষ্যে শুধুমাত্র প্রকল্পের মেয়াদকালীন সময়ের জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে সাকুল্য (Consolidated) বেতনে আউটসোর্সিং পদ্ধতির আওতায় জনবলের সেবা গ্রহণের লক্ষ্যে সরকার কর্তৃক স্বীকৃত জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহবান করা যাচ্ছে :-

ক্রমিক নং	পদের নাম	গ্রেড	মাসিক সাকুল্য বেতন	পদের সংখ্যা	বয়সসীমা	যোগ্যতা (ন্যূনতম)
০১	গাড়ী চালক	১৬	১৭০৪৫/-	৬	ন্যূনতম ১৮ হতে অনূর্ধ্ব ৬০ বছর	ন্যূনতম এসএসসি পাশ এবং গাড়ী চালানোর অভিজ্ঞতা থাকতে হবে।
০২	অফিস সহায়ক	২০	১৫৫৫০/-	৪		ন্যূনতম এসএসসি পাশ
০৩	নিরাপত্তা প্রহরী		১৫৫৫০/-	৩		ন্যূনতম ৮ম শ্রেণী পাশ
০৪	পরিচ্ছন্নতা কর্মী		১৫৫৫০/-	১		ন্যূনতম ৮ম শ্রেণী পাশ

শর্তাবলী :

- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, ২০১৬-২০১৭ অর্থ বছরের আয়কর প্রদান ও সনাক্তকরণ নম্বর (TIN) এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এ রেজিস্ট্রেশন থাকতে হবে। জনবল সরবরাহের ক্ষেত্রে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এক্ষেত্রে সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/উন্নয়ন প্রকল্পে লোকবল সরবরাহের অভিজ্ঞতা দরপত্র মূল্যায়নে বিবেচনা করা হবে। সকল প্রমাণপত্রের কপি দরপত্র দলিলের সাথে দাখিল করতে হবে।
- দরপত্র দলিল আগামী ২৩/১১/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত উপ-পরিচালক (সদর), বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ প্রকল্প, কক্ষ নং ৮০২ রেলভবন, ঢাকা হতে অফিস চলাকালীন সময়ে বাংলাদেশ ব্যাংকের যেকোন তফসিলী ব্যাংক হতে এফএএন্ডসিএও/প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা বরাবর ইস্যুকৃত ১০০০.০০ (এক হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার জমা প্রদান পূর্বক সংগ্রহ করা যাবে।
- জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের প্রস্তাবিত প্রার্থীদেরকে বাংলাদেশের নাগরিক হতে হবে। প্রার্থীদের ছবিসহ, পিতা-মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা ও নাগরিকত্ব সনদ, চারিত্রিক সনদ ও জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এর সত্যায়িত অনুলিপি প্রস্তাবের সাথে দাখিল করতে হবে।
- দরপত্র জামানত (ফেরতযোগ্য) হিসেবে ৪,৫০,০০০.০০/- (চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বাংলাদেশ ব্যাংকের যেকোন তফসিলী ব্যাংক হতে এফএএন্ডসিএও/প্রকল্প, বাংলাদেশ রেলওয়ে, ঢাকা বরাবর পে-অর্ডার দরপত্রের সাথে জমা দিতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ২৩/১১/২০১৭ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে সিলমোহরকৃত খামে দরপত্রের প্রাইস সিডিউলে দর উল্লেখ করে সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ কক্ষ নং ৮০২ এ দরপত্র দলিল দাখিল করতে হবে। একই তারিখ বেলা ১২.৩০ ঘটিকায় দরপত্রসমূহ দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ থাকে) খোলা হবে।

৬. আউটসোর্সিং এর মাধ্যমে সেবা গ্রহণের ক্ষেত্রে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আইন, বিধিমালা, নির্দেশনা ইত্যাদি অনুসরণযোগ্য হবে।
৭. নির্বাচিত প্রতিষ্ঠানের নিজ উদ্যোগে সংগৃহীত ৩০০/- (তিনশত টাকা মাত্র) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে জনবল সরবরাহের চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তিপত্র সম্পাদনের পরেই নির্বাচিত আউটসোর্সিং প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদান করা হবে। কোন ব্যক্তির নামে নিয়োগপত্র ইস্যু করা হবে না।
৮. কর্মচারীগণ জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর সংশ্লিষ্ট গ্রেড অনুযায়ী সাকুল্য বেতন প্রাপ্য হবেন।
৯. নির্বাচিত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল থেকে বিধি অনুযায়ী ভ্যাট এবং ইনকাম ট্যাক্স কর্তন করা হবে।
১০. কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধি মোতাবেক “বঙ্গবন্ধু রেলওয়ে সেতু নির্মাণ” শীর্ষক প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
১১. নিয়োজিত কর্মচারীগণকে প্রয়োজনে ছুটির দিনে বা স্ভাবিক সরকারি অফিস সময়ের পরেও দায়িত্ব পালন করতে হবে। তবে এ জন্য অতিরিক্ত মূল্য/অর্থ দাবি করা যাবে না।
১২. আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োজিত কোন কর্মচারীর অদক্ষতা বা অবহেলার কারণে প্রকল্পের কোন ক্ষতি হলে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানকে তার দায়িত্ব বহন করতে হবে।
১৩. জনবল সরবরাহকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পাদিত চুক্তি নিয়োগকারী কর্তৃপক্ষ ০১ (এক) মাসের নোটিশ দিয়ে বাতিল করতে পারবে।
১৪. নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরের পূর্বে সরবরাহকৃত মোট জনবলের ০১(এক) বছরের বেতনের ১০% হারে অর্থ নিরাপত্তা জামানত হিসেবে এফএএন্ডসিএও (প্রকল্প), বাংলাদেশ রেলওয়ে, ঢাকা- এর অনুকূলে ব্যাংক গ্যারান্টি/পে-অর্ডারের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে। চুক্তির মেয়াদ শেষে উক্ত জামানতের অর্থ ফেরৎ প্রদান করা হবে।
১৫. নিয়োজিত কর্মচারীগণের শারীরিক সুস্থতা সম্পর্কে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। সরবরাহকৃত জনবলের কাজের মান ও আচরণ সন্তোষজনক না হলে সরবরাহকারী প্রতিষ্ঠানকে অবহিতকরণের ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির পরিবর্তে ন্যূনতম সমমানের উপযুক্ত জনবল সরবরাহ করতে হবে। তবে কোন জনবল কাজ করে দক্ষতা অর্জন করলে তাকে প্রতিস্থাপনের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্ব সম্মতি গ্রহণ করতে হবে।
১৬. নিয়োজিত কর্মচারী কর্তব্য পালনকালে জনবল সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র বহন করবেন।
১৭. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে।
১৮. কর্তৃপক্ষ যে কোন সময় কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপ্রস্তাব বা সকল দরপ্রস্তাব বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


 (মোঃ কামরুল আহসান) ১৭/০৬/২০১৭
 প্রকল্প পরিচালক
 মোবাইল-০১৭১১৫০৬১০৫